

**পাবনা ও গৌরীপুরে এসএসসি
পরীক্ষার ফরম পূরণে বেশী
টাকা নেয়ার অভিযোগ**

পাবনা সংবাদদাতা ॥ জেলার বিভিন্ন স্থানে ২০০৩ সালের এস এস সি পরীক্ষার্থীদের কাছ থেকে ফরম পূরণ ও কোচিং ফি-এর নামে অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ পাওয়া গেছে। দরিদ্র অভিভাবককে ফি-এর টাকা যোগাড়ের জন্য জ্বনি বন্ধক রেখে অর্থাৎ উচ্চ মূল্যে মহাজনের কাছ থেকে টাকা ধার করতে হয়েছে।

চট্টোমোহর উপজেলার এনায়েত উল্লাহ মিনিয়ার মাস্তানায় চাপ দিয়ে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে ২/৩ গুণ বেশী টাকা আদায়ের অভিযোগ করা হয়েছে। জানা গেছে, বোর্ড নির্ধারিত পরীক্ষার ফি মোট ৬১৫/- টাকা। কিন্তু আদায় করা হচ্ছে দ্বিগুণ-তিনগুণ।

আটঘরিয়া, ফরিদপুর, ভোতাড়া, সুলতানগর, বেড়া, গাঁবিয়া, ঈশ্বরদী, পাবনা সদর প্রভৃতি এলাকার মাধ্যমিক বিদ্যালয় ও মাস্তানামহে প্রায় একই রকম ফি আদায় করার খবর পাওয়া গেছে। কোথাও কোথাও নির্ধারিত পরীক্ষার অঙ্ক-কার্ড ছেলেমেয়েদের কাছ থেকে অনেক বেশী টাকার বিনিময়ে ফরম পূরণের সুযোগ দেয়া হচ্ছে বলে জানা গেছে।

গৌরীপুর (নগরনসিংহ) থেকে সংবাদদাতা ॥ অসম এস এস সি পরীক্ষায় ফরম পূরণের জন্য উপজেলার অধিকাংশ উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বিভিন্ন অজুহাতে বোর্ড নির্ধারিত ফি-এর চেয়ে বেশী টাকা নেয়া হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। শিক্ষা বোর্ডের নির্ধারিত ফি ৭০৫ টাকার স্থলে ১২শ' থেকে ১৫ শ' টাকা আদায় করা হচ্ছে। ফলে টাকা যোগাড় করতে না পেরে দরিদ্র ছাত্র-ছাত্রীরা ফরম পূরণ করতে পারছে না।